



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা

একাডেমিক ও কলারশিপ শাখা

রেজিস্ট্রার এর কার্যালয়

টেলিফোন: (০২৫৮৮৮৪৩৬৯৪)

ইমেইল : academic@pust.ac.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

আরক নং-পাবিপ্রবি/একা/২৩৬/১১৭৫

তারিখ: ১৫/১০/২০২৩ খ্রি.

**GST গুচ্ছভুক্ত পদ্ধতিতে স্নাতক (ইঞ্জিনিয়ারিং/সমান), বি.বি.এ, বি.এস.এস, ব্যাচেলর অব আর্কিটেকচার ও বি.ফার্ম. প্রফেশনাল প্রোগ্রামে
১ম বর্ষে (শিক্ষাবর্ষ: ২০২২-২০২৩) শিক্ষার্থী চূড়ান্ত ভর্তির ৬ষ্ঠ পর্যায় (শেষ পর্ব)।**

বিজ্ঞপ্তি

২০২২-২০২৩ শিক্ষাবর্ষের GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি পর্যায় (শেষ পর্ব) কোটাসহ যে সকল শিক্ষার্থী ৫০০০/- (পাঁচ হাজার) টাকা জমা দিয়ে প্রাথমিক ভর্তি নিশ্চায়ন করেছেন সেই সকল শিক্ষার্থীদেরকে শেষ পর্বে চূড়ান্ত ভর্তির জন্য আগামী ১৭/১০/২০২৩ ও ১৮/১০/২০২৩ খ্রি. তারিখ রোজ মঙ্গলবার ও বৃথবার সকাল ১০:০০ ঘটিকা হতে বিকাল ০৮:০০ ঘটিকার মধ্যে বিশ্ববিদ্যালয়ের আইসিটি সেলে (প্রশাসনিক ভবনের ৫ম তলা) স্ব-শরীরে হাজির হয়ে প্রাথমিক ভর্তি কনফার্ম করে স্ব-স্ব বিভাগে নিম্ন উল্লেখিত প্রয়োজনীয় 'সনদপত্র' ও 'ফি' সমূহ জমা দিয়ে চূড়ান্ত ভর্তি হওয়ার জন্য বলা হলো, অন্যথায় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের নিম্ন উল্লেখিত পদ্ধতিতে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

০১। ভর্তির জন্য নির্বাচিত প্রার্থী <https://pust.ac.bd/admission2022-23> ওয়েবসাইটের মাধ্যমে GST-এর ID ও Password দিয়ে login করে সংশ্লিষ্ট বিভাগের ভর্তি ফরমটি যথাযথভাবে পূরণ করলে সকল তথ্য সংযোগিত PDF ফরম পোওয়া যাবে। প্রাপ্ত PDF ফরমটি A4 সাইজের অফসেট কাগজে দুই কপি প্রিণ্ট নিতে হবে। অনলাইনে ভর্তি ফরম পূরণের জন্য নিম্ন উল্লেখিত বিষয়সমূহ বিশেষভাবে লক্ষণীয়:-

- i. GST কর্তৃক প্রদত্ত ID ও Password.
 - ii. রক্তের গ্রুপ (Blood Group) অবশাই জানা থাকতে হবে।
 - iii. NID অথবা Birth Certificate Number.
 - iv. সংশ্লিষ্ট বিভাগে নির্ধারিত সময়ের মধ্যে ভর্তির যাবতীয় প্রক্রিয়া অবশ্যই সম্পন্ন করতে হবে।
- ০২। ভর্তির সময় নিম্নে বর্ণিত কাগজপত্র সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। (বি: দ্বা: শিক্ষার্থীদের অনলাইনে পূরণকৃত ভর্তি ফরম প্রিন্ট করে হল প্রতোষট (ছাত্রদের জন্য বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল ও ছাত্রীদের জন্য শেখ হাসিনা হল) এর স্বাক্ষর প্রাপ্ত করে প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে):
- i. পূরণকৃত ভর্তি ফরমের দুই কপি প্রিণ্ট (A4 সাইজের অফসেট কাগজে)।
 - ii. এসএসসি/সমান ও এইচএসসি/সমান-এর মূল সার্টিফিকেট ও নম্বরপত্র এবং সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত মূল প্রশংসাপত্র।
 - iii. এসএসসি/সমান ও এইচএসসি/সমান-এর সার্টিফিকেট, নম্বরপত্র ও সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রশংসাপত্রের সত্যায়িত ফটোকপি ০১ (এক) সেট।
 - iv. ভর্তি পরীক্ষায় পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত মূল প্রবেশপত্র।
 - v. সদ্য তোলা পাসপোর্ট সাইজের (ল্যাব প্রিন্ট) ০৪ (চার) কপি রঙিন সত্যায়িত ছবি।

০৩। বিভাগ ভিত্তিক প্রয়োজনীয় 'ফি' এর পরিমাণ নিম্নে দেয়া হলো:

ক্র. নং	অনুযাদের নাম	বিশ্ববিদ্যালয় ফি	সিলেবাস, শিক্ষা ও গবেষণা সহায়ক ফি	অনুষদ ফি	হল উন্নয়ন ফি	সর্বমোট টাকা
i.	ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ (CSE, EEE, FECE, ICE, Civil Eng, Architecture, URP)	৯,৫০০	৮,০০০	৫০০	২০০	১৪,২০০
ii.	বিজ্ঞান অনুষদ (Mathematics, Physics, Pharmacy, Chemistry, Statistics)	৯,৫০০	৮,০০০	৫০০	২০০	১৪,২০০
iii.	জীব ও ভূ-বিজ্ঞান অনুষদ (Geography and Environment)	৯,৫০০	৮,০০০	৫০০	২০০	১৪,২০০
iv.	ব্যবসায় শিক্ষা (Business Administration, TIIM)	৯,৫০০	৩,৫০০	৫০০	২০০	১৩,৭০০
v.	মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষদ (Economics, Bangla, Social Work, English, Public Ad. History)	৯,৫০০	৩,৫০০	৫০০	২০০	১৩,৭০০

*GST-এর নির্দেশনা অনুযায়ী ইতোমধ্যে অনলাইনের মাধ্যমে প্রাথমিক ভর্তি ফি প্রদান সম্পন্ন করে থাকলে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে চূড়ান্ত ভর্তির ক্ষেত্রে ভর্তি ফি বাবদ ৫,০০০/- টাকা কম জমা দিতে হবে (অর্থাৎ ১৪,২০০-৫,০০০= ৯,২০০/- বা ১৩,৭০০-৫,০০০)= ৮,৭০০/- টাকা।

ক) ভর্তি ফি সমূহ:

- বিশ্ববিদ্যালয় নির্ধারিত (৯,৫০০-৫,০০০)= ৪,৫০০/- 'ফি' জনতা ব্যাংক পিএলসি, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখায় "পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অনুন্নয়ন তহবিল এস.এন.ডি হিসাব এ এবং উপরে উল্লেখিত বিভাগীয় অন্যান্য 'ফি' সমূহ আলাদা আলাদা রশিদে জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। ভর্তি ফি প্রদানের মূল রশিদ নির্ধারিত সময়ের মধ্যে আফিসে জমা দিতে হবে। অন্যথায় ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে না এবং প্রার্থীতা বাতিল হবে।

বিশেষ শর্তাবলী: শিক্ষার্থীর প্রদত্ত তথ্যাবলীতে কোন অসংগতি পরিলক্ষিত হলে ভর্তি/প্রার্থীতা বাতিল করা হবে। ফলাফলে ভুলগ্রাম পরিলক্ষিত হলে কর্তৃপক্ষ তা সংশোধন/বাতিল করতে পারবে।

—
বিজ্ঞান কুমার ব্ৰহ্ম
(বিজ্ঞান কুমার ব্ৰহ্ম)
রেজিস্ট্রার

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।